

“মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার”



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd



স্মারক নং: ৫৫.১২.০০০০.১০৭.২৩.০৩৭.২০-২৭১৫

তারিখ: ১২/১০/২০২০

বিষয়ঃ রচনা জমা নেয়ার শেষ তারিখ ১৫/১০/২০২০ থেকে ২০/১০/২০২০ পর্যন্ত বর্ধিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ এনএইচআরসিবি/চেয়ার/৪১৯/১৬-ডিও-৯০, তারিখঃ ৭ অক্টোবর ২০২০ ও

বিভাগীয় কমিশনারগণের সাথে মাননীয় চেয়ারম্যানের অনলাইন সভা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ‘বঙ্গবন্ধু ও মানবাধিকার’ শিরোনামে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের নবম-দশম এবং একাদশ-দ্বাদশ শ্রেণি ও সমমানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে জাতীয় মানবাধিকার কমিশনের উদ্যোগে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে এবং ইতোমধ্যে সুত্রোক্ত ডিও পত্রে মাননীয় চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি সকল জেলা প্রশাসকগণকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেছেন।


০২। উক্ত রচনা প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত বিষয়ে কমিশনের মাননীয় চেয়ারম্যানের সাথে গত ০৯/১০/২০২০ তারিখ ৮ বিভাগের বিভাগীয় কমিশনারগণের একটি অনলাইন সভা অনুষ্ঠিত হয়। সভায় ঢাকার বিভাগীয় কমিশনার মহোদয়ের সুপারিশের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থীদের নিকট থেকে রচনা জমা নেয়ার শেষ তারিখ ১৫/১০/২০২০ থেকে ২০/১০/২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

০৩। উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট থেকে রচনাসমূহ সংগ্রহ করে আগামী ২৫/১০/২০২০ তারিখের মধ্যে যথযথভাবে বাছাইপূর্বক ‘ক’ গ্রুপ হতে ১০ টি এবং ‘খ’ গ্রুপ হতে ১০ টি সেরা রচনার মূল কপি সিল গালা করে সরাসরি বা ডাকযোগে কমিশনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, রচনা মূল্যায়ন ও আনুষঙ্গিক সার্বিক ব্যয় ভার নির্বাহের জন্য কমিশন থেকে ২০ হাজার টাকার একটি বাজেট সংশ্লিষ্ট জেলা প্রশাসকের ব্যাংক হিসাবে প্রেরণ করা হচ্ছে। এতদসংক্রান্ত, ব্যয়ান্তর প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ সংশোধিত টিভিসি-এর লিংক।

জেলা প্রশাসক (সকল)


২২/১০/২০২০
(আল-মাহমুদ ফায়জুল কবীর)
(জেলা জজ)
সচিব (ভারপ্রাপ্ত)
ফোনঃ ৫৫০১৩৭১৮ (দপ্তর)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. বিভাগীয় কমিশনার (সকল)
২. চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় মানবাধিকার কমিশন (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৩. সার্বক্ষণিক সদস্যের ব্যক্তিগত সহকারী, জাতীয় মানবাধিকার কমিশন (মাননীয় সার্বক্ষণিক সদস্যের সদয় অবগতির জন্য)।